

নং- ২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮১.১৭-৫৮

তারিখঃ ২০/০৫/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ "Establishment of 3 Handloom Service Centre's in Different Loom Intensive Area" শীর্ষক প্রকল্পের আওতায় DPM পদ্ধতিতে যন্ত্রপাতি ক্রয়ের বিষয়ে মতামত।**

সূত্রঃ ২৪.০৫.০০০০.২০৬.১৪.০০৪.১৫(অংশ-১)-১২৭; তারিখঃ ২৩/০৪/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিএ, ২০০৬ এর ধারা-৩১(১) অনুযায়ী পণ্য, সংশ্লিষ্ট সেবা, কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি অগ্রাে বিবেচ্য। তবে কারিগরী অথবা অর্থনৈতিক কারণে যুক্তিযুক্ত বলে বিবেচিত হলে পিপিএ, ২০০৬ এর ধারা-৩২(১) এবং ৩২(১)(খ) এ উল্লিখিত ক্ষেত্র অনুযায়ী ক্রয়কারী, ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনক্রমে সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ করতে পারে।

০২। এখানে উল্লেখ্য, ক্রয়তব্য পণ্যের বিদ্যমান প্রেক্ষাপট অর্থাৎ ক্রয়ের উৎস, গুরুত্ব, আর্থিক মূল্য, প্রকৃতি ইত্যাদি উপাদান বিবেচনায় উপযুক্ত ক্রয় পদ্ধতি নির্বাচন করা ক্রয়কারীর এখতিয়ার। তবে, সরাসরি ক্রয় পদ্ধতিতে অবাধ প্রতিযোগিতা এড়ানোর বা কোন নির্দিষ্ট ব্যক্তি/সরবরাহকারীর প্রতি আনুকূল্য প্রদর্শন করার সুযোগ থাকে। ফলশ্রুতিতে অবাধ প্রতিযোগিতার সুফল না পাওয়া, স্বচ্ছতার অভাব থাকা এবং প্রতারণামূলক তৎপরতাকে উৎসাহ প্রদানের সম্ভাবনা থাকায় ক্রয়কারী কার্যালয় প্রধানকে এ পদ্ধতির প্রয়োগ কঠোরভাবে নিয়ন্ত্রণের শর্ত দেয়া হয়েছে (বিধি-৭৪)।

০৩। বিবেচ্য ক্রয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ এর বিধি-৭৬ এ বিধৃত কারণ প্রযোজ্য হলে অর্থাৎ প্রতিযোগিতামূলক ক্রয় পদ্ধতি অপেক্ষা কারিগরী এবং অর্থনৈতিক কারণে শ্রেয়তর হলেই কেবলমাত্র সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণ যৌক্তিক বলে বিবেচিত হতে পারে।

০৪। সরাসরি ক্রয় পদ্ধতি প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বিধি-৬২(২) এ শর্তানুযায়ী তফসিল-৩ এর অংশ-'চ' তে বর্ণিত ফ্লো-চার্ট অনুসরণ করতে হবে।


০৫। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

সচিব

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃঃ আঃ-সহকারী প্রধান, পরিকল্পনা-২ শাখা)

  
20/05/18  
(মোসাম্মা হাযিব)  
উপ-পরিচালক  
ফোন- ৯১৪৪২৫২/২০৩

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ**

- ১) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালক, "Establishment of 3 Handloom Service Centre's in Different Loom Intensive Area" শীর্ষক প্রকল্প, বাংলাদেশ তাঁত বোর্ড, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) অফিস কপি।